

ফতওয়া নং ২৯৪

প্রশ্ন:

এক জন মহিলা মারা গেলে তার মুখ সবাই দেখতে পারবে কি ? এবং তার খাটিয়া কারা নিয়ে যেতে পারবে এবং কারা কবরে শয়াতে পারবে ?

উত্তর:

বেঁচে থাকা কালীন যাদের দেখা জাইয ছিল মৃত্যুর পরও তাদের দেখা জাইয হবে। খাটিয়া বহন মাহরাম নামাহরাম নির্বিশেষে সবাই করতে পারে। তবে কবরে নামানো কাজটি মাহরামদের করা উচিত। মাহরাম না থাকলে বা যথেষ্ট না হলে নেককার নামাহরাম ব্যক্তি করতে পারে। (ফাতাওয়া দারুল উলুম দেওবন্দ ৫/১৯৮, খয়রুল ফাতাওয়া ৩/২১২, ইরশাদুল মুফতিয়ীন: ৫)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।
১৫ শাবান, ১৪৪৫ হিজরী (25/02/2024)